

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ০১ পৌষ ১৪১৫ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৫৭ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০১ পৌষ ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৫৭ নং অধ্যাদেশ

জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১নং অধ্যাদেশ) রহিতকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১নং অধ্যাদেশ) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেনঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ জরুরী ক্ষমতা (রহিতকরণ) অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০৩ পৌষ ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১৭ ডিসেম্বর, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

(১৫৫৭৫)

মূল্য ৪ টাকা ২.০০

২। ২০০৭ সনের ১নং অধ্যাদেশ রহিতকরণ।—জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

৩। জরুরী ক্ষমতা বিধিমালা, ২০০৭ এর রহিতকরণ ও হেফাজত।—(১) উক্ত অধ্যাদেশ রহিত হইবার সাথে সাথে উহার অধীন প্রণীত জরুরী ক্ষমতা বিধিমালা, ২০০৭, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন উক্ত বিধিমালা রহিত হওয়া সত্ত্বেও, উক্ত রহিত বিধিমালার অধীন নিষ্পন্ন সকল কার্যক্রম এমনভাবে অক্ষুণ্ণ থাকিবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

(৩) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়ার সাথে সাথে উক্ত বিধিমালার অধীন নিষ্পন্নাদীন সকল অনুসন্ধান, তদন্ত, বিচার, আপীল ইত্যাদি যে স্তরে পৌছাইয়াছে সেই স্তর পর্যন্ত এমনভাবে অক্ষুণ্ণ থাকিবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

(৪) উপ-ধারা (৩) এ উল্লিখিত সকল অনুসন্ধান, তদন্ত, বিচার, আপীল ইত্যাদির অনিষ্পন্ন অবশিষ্টাংশের ক্ষেত্রে উক্ত বিধিমালা প্রণীত না হইলে যেইরূপ আইন ও বিধিবিধানসমূহ প্রযোজ্য হইত সেইরূপ আইন ও বিধিবিধানসমূহ উহাদের ক্ষেত্রে এমনভাবে প্রযোজ্য হইবে যেন উক্ত বিধিমালা কখনই প্রণীত হয় নাই।

৪। জাতীয় সমন্বয় কমিটির বিলুপ্তি ও হেফাজত।—(১) উক্ত অধ্যাদেশ রহিত হইবার সাথে সাথে উহার অধীন প্রণীত উক্ত বিধিমালা এর বিধি ২১ ক এর উপ-বিধি (৩) এ উল্লিখিত মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক শাখার মার্চ ৮, ২০০৭/২৪ ফাল্গুন, ১৪১৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৪/২০০৭/৩৬ নং স্মারক মাধ্যমে গঠিত “জাতীয় সমন্বয় কমিটি” বিলুপ্ত গণ্য হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন বিলুপ্ত গণ্য হওয়া সত্ত্বেও উক্ত জাতীয় সমন্বয় কমিটির অনিষ্পন্ন প্রশাসনিক কার্যক্রম ১লা জানুয়ারি, ২০০৯ ইংরেজী তারিখ পর্যন্ত অব্যাহত রাখা যাইবে এবং উক্ত তারিখ উত্তীর্ণ হইবার সাথে সাথে উহার সকল কার্যক্রম চূড়ান্তভাবে পরিসমাপ্ত হইবে।

৫। ২০০৭ সনের ১নং অধ্যাদেশ এর ধারা ৬ এর হেফাজত।—উক্ত অধ্যাদেশ রহিত হওয়া সত্ত্বেও উক্ত অধ্যাদেশের ধারা ৬ এর অধীন প্রদত্ত দায়মুক্তি এমনভাবে কার্যকর থাকিবে যেন উক্ত অধ্যাদেশ রহিত হয় নাই।

তারিখ : ০১ পৌষ ১৪১৫ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
সচিব।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd